

বিদ্যুৎ সংযোগ না পাওয়ায় টাঙ্গাইলের শতাধিক স্কুল-মাদ্রাসায় কম্পিউটার শিক্ষা চালু করা যাচ্ছে না

II গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা II
টাঙ্গাইল জেলার ৪টি উপজেলার শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ না থাকায় কম্পিউটার শিক্ষার কাজ ব্যাহত হচ্ছে।

গোপালপুর, মধুপুর, চুয়াপুর ও খাটাইল উপজেলার দুই শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান বিনামূল্যে কম্পিউটার পেয়েছে। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান নিজেদের টাকায় কম্পিউটার কিনে। উপজেলা শহর বাসে নামের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ না থাকায় কম্পিউটার চালু করা যাচ্ছে না। বিদ্যুতের অভাবে দুই বছর পূর্বে পাওয়া কম্পিউটার মূলে ব্যবহারী অবস্থায় পড়ে রয়েছে। কেবল কোন কক্ষে কম্পিউটার পদে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। কিন্তু কম্পিউটার অচল থাকায় নিয়োগ পাও শিক্ষকেরা সরকারী বেতনের অংশ পাচ্ছে না। অথবা বেকার বসে যাচ্ছেন। কোন কোন বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষকরা বাতলা অংক ক্লাস নিয়ে চাকরি রক্ষার চেষ্টা করছেন।

গোপালপুর উপজেলার বড়শিলা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক অভিযোগ করেন, কম্পিউটার পরিচালনার জন্য বিদ্যুৎ সংযোগ চেয়ে বছরের বছর ধরে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ অফিসে যোগাযোগ করছেন। কিন্তু সংযোগ পাচ্ছেন না। মহাপরিচালনার আওতায় পল্লী বিদ্যুতের লাইন অর্ধন্যায় অবস্থায় ঠিকাদার ৬ মাস যাবৎ ফেলে রেখেছেন।

দক্ষিণ মানিয়া মাদ্রাসার অধ্যক্ষ অভিযোগ করেন, ডিপেজিটি ওয়ার্কের আওতায় (নিজ খরচে) আবেদন করেও বিদ্যুৎ সংযোগ না পাওয়ায় তার কম্পিউটারে মরিচা ধরে গেছে। পল্লী বিদ্যুৎ সমিতির জন্য বার্ষিক বাজেটের মাধ্যমে ৫ শতাংশ ডিপেজিটে ওয়ার্ক লাইন নির্মাণের নির্দেশ থাকায় সমিতি চাহিদানুযায়ী লাইন নির্মাণ করতে পারছে না। কম্পিউটার শিক্ষা সম্প্রসারণে বিদ্যুৎ সংযোগ এখানে অগ্রাধিকার দেয়ার জন্য শিক্ষক নেতৃত্ব পল্লী বিদ্যুতায়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেছেন।